

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৩. তৌরাতের বিভিন্ন সংস্করণের বৈপরীত্য

উপরে আলোচিত বৈপরীত্যগুলো সারা বিশ্বে প্রচলিত 'পবিত্র বাইবেল' (KJV/AV/RSV) 'পুরাতন নিয়মের' মধ্যে বিদ্যমান। 'নতুন নিয়মের' মধ্যে বিদ্যমান বৈপরীত্য আলোচনার পূর্বে আমরা পুরাতন নিয়মের প্রচলিত ও স্বীকৃত বিভিন্ন সংস্করণের মধ্যে বিদ্যমান বৈপরীত্যের সামান্য কয়েকটা নমুনা উল্লেখ করছি। আমরা দেখেছি যে, বর্তমানে প্রচলিত বাইবেলের মূল ভিত্তি প্রাচীন তিনটা সংস্করণ: (১) হিব্রু বাইবেল, (২) গ্রিক অনুবাদ বা সেপ্টুআজিন্ট এবং (৩) শমরীয় তৌরাত। ক্যাথলিক খ্রিষ্টানরা গ্রিক সংস্করণের উপর এবং প্রটেস্ট্যানটরা হিব্রু সংস্করণের উপর নির্ভর করেন। শুধু শমরীয় ইহুদিরা শমরীয় সংস্করণের উপর নির্ভর করেন। আমরা দেখেছি যে, এ তিন সংস্করণের মধ্যে পুস্তকের সংখ্যায় ব্যাপক বৈপরীত্য রয়েছে। আবার যে সকল পুস্তক তিন সংস্করণেই বিদ্যমান সেগুলোর অধ্যায়, শ্লোক, বক্তব্য ও তথ্যের মধ্যেও ব্যাপক বৈপরীত্য রয়েছে। আমরা এখানে তিন প্রকার বাইবেলের মধ্যকার তথ্যগত বৈপরীত্যের কয়েকটা নমুনা উল্লেখ করব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13991

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন